

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৫৮

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রুকুতে হাটুদ্বয়ে হাত রাখা।

### باب مَا جَاءَ فِي وَضْعِ الْيَدَيْنِ عَلَى الرُّكْبَتَيْنِ فِي الرُّكُوعِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ عِيَّاشٍ، حَدَّثَنَا أَبُو حَصِينٍ، عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ السُّلَمِيِّ، قَالَ قَالَ لَنَا عُمَرُ بْنُ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ إِنَّ الرُّكْبَ سُنَّتُ لَكُمْ فَخُذُوا بِالرُّكْبِ . قَالَ وَفِي الْبَابِ عَنْ سَعْدٍ وَأَنْسٍ وَأَبِي حُمَيْدٍ وَأَبِي أُسَيْدٍ وَسَهْلٍ بْنِ سَعْدٍ وَمُحَمَّدِ بْنِ مَسْلَمَةَ وَأَبِي مَسْعُودٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عُمَرَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالتَّابِعِينَ وَمَنْ بَعْدَهُمْ لَا اخْتِلَافَ بَيْنَهُمْ فِي ذَلِكَ إِلَّا مَا رَوَى عَنْ ابْنِ مَسْعُودٍ وَبَعْضِ أَصْحَابِهِ أَنَّهُمْ كَانُوا يُطَبِّقُونَ . وَالتَّطْبِيقُ مَنْسُوخٌ عِنْدَ أَهْلِ الْعِلْمِ .

বাংলা

২৫৮. আহমদ ইবনু মানী (রহঃ) ..... আবু আবদীর রাহমান আস সুলামী (রহঃ) থেকে বর্ণনা করেন যে, উমর উবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহু বলেছেন, তোমাদের জন্য (রুকুতে) হাটুদ্বয় ধারণ করা সুন্নাত হিসাবে নির্ধারণ করা হয়েছে। সুতরাং তোমরা তা ধারণ করবে। - তিরমিজী হাদিস নম্বরঃ ২৫৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে সা'দ, আনাস, আবু হুমায়দ, আবু উসায়ত, সাহল ইবনু সা'দ, মুহাম্মাদ ইবনু মাসলামা, আবু মাসউদ রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবু ইসা তিরমিজী (রহঃ) বলেনঃ উমর রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি হাসান ও সহীহ। সাহাবী, তাবিঈ ও পরবর্তী যুগের আলিমগণ এই হাদিস অনুসারেই আমল করেছে। ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু ও তার কতিপয় শাগরিদ ব্যতীত এই বিষয়ে কারো কোন মতবিরোধ নেই। ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু ও তাঁর কতিপয় শাগরিদ থেকে বর্ণিত আছে যে, রুকুতে তাঁর দুই হাত একত্রে মিলিয়ে উরুর মাঝে চেপে ধরতেন। আলিমগণ এই বিষয়টি মানসূখ বা রহিত বলে গণ্য করেছেন।

English

Abu Abdur-Rahman As-Sulami said:

"Umar bin Al-Khattab [may Allah be pleased with him] said to us: 'The knees are the Sunnah for you, so hold the knees.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু আব্দুর রহমান আস সুলামী (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17447>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন